

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-১৫২-আইন/২০২৩/২২৯-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও. নং-১৫১-আইন/২০২১/১৪৮-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) ক্রমিক নং (৮) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (৮) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৮) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও. নং-৬৬-আইন/২০২২/ ৫৯/কাস্টমস, তারিখ: ২৭ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ এর আওতায় আমদানিকৃত পণ্য;”;

(খ) ক্রমিক নং (১২) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (১২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১২) অগ্নি নির্বাপন ব্যবস্থার লে-আউট প্ল্যান দাখিল এবং উহাতে অন্তর্ভুক্ত হওয়া সাপেক্ষে প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১২৯-আইন/২০২১/১৮/ কাস্টমস, তারিখ: ২৪ মে, ২০২১ খ্রিষ্টাব্দ এর শর্তপূরণ করিয়া আমদানিকৃত ফায়ার ফাইটিং ইকুইপমেন্ট;”;

(গ) ক্রমিক নং (১৩) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (১৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১৩) কৃষি মন্ত্রণালয় কর্তৃক সুপারিশকৃত H.S Code 3808.91.10, 3808.92.10 এবং 3808.93.10 এর বিপরীতে কৃষিকার্যে ব্যবহার্য কীটনাশক, ছত্রাকনাশক ও আগাছানাশক এবং নিবন্ধিত উৎপাদনকারী কর্তৃক উহা উৎপাদনে ব্যবহৃত উপকরণ Castor Oil

Polyglycol 36-37 (H.S Code 1515.30.00), Solvesso 150 (APAC) (H.S Code 2707.50.90), Genapol 100 (H.S Code 2909.49.00), Propoconazole Technical 220 KG 22D (H.S Code 2934.99.90), Dodecylbzols Acid Branched CA-S Sol (H.S Code 3402.11.90);”;

(ঘ) ক্রমিক নং (২৬) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং (২৬) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(২৬) Gold dores imported by Industrial IRC holder VAT compliant gold refinery (H.S. Code 7108.12.10), Other (H.S. Code 7108.12.90) এবং Gold in semi-manufactured form (H.S. Code 7108.13.00) আমদানির ক্ষেত্রে;”;

(ঙ) ক্রমিক নং-(৪০) এর প্রান্তস্থিত ফুলস্টপ এর পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ ক্রমিক নং (৪১), (৪২), (৪৩), (৪৪) ও (৪৫) সংযোজিত হইবে, যথা:-

“(৪১) নিবন্ধিত এয়ারলাইন্স কর্তৃক Heading 84.07, 84.11 এবং 88.07 এর আওতায় আমদানিকৃত Aircraft Engine, Turbo Jet এবং উড়োজাহাজের যন্ত্রাংশ;

(৪২) কৃষিকার্যে ব্যবহৃত রাইস ট্রান্সপ্লান্টার, ডায়ার, স্প্রেয়ার মেশিন, পটেটো প্লান্টার এর আমদানি;

(৪৩) এইচএস কোড ৮৬০৯.০০.১০ এবং ৮৬০৯.০০.৯০ এর আওতাধীন আমদানিকৃত সকল ধরনের Container;

(৪৪) এইচএস কোড ৮৪১৯.৪০.২০ এর আওতাধীন আমদানিকৃত Solar power operated water distillation Plant;

(৪৫) Petroleum oils and oils obtained from bituminous minerals, crude (H.S. Code 2709.00.00), Motor spirit of H.B.O.C Type (H.S. Code 2710.12.11), Other motor spirits, including aviation spirit (H.S. Code 2710.12.19), Spirit type jet fuel (H.S. Code 2710.12.20), White spirit (H.S. Code 2710.12.31), Naphtha (H.S. Code 2710.12.32), J.P.1 kerosene type jet fuels (H.S. Code 2710.12.41), J.P.4 kerosene type jet fuels (H.S. Code 2710.12.42), Other kerosene type jet fuels (H.S. Code

2710.12.43), Other kerosene (H.S. Code 2710.12.49), Light diesel oils (H.S. Code 2710.12.61), High speed diesel oils (H.S. Code 2710.12.62), Furnace oils (H.S. Code 2710.19.11).”।

২। এই প্রজ্ঞাপন ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব